

2 0 1 7

ELECTIVE BENGALI

Paper : 6.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

‘রবীন্দ্রনাথ-১’ অথবা ‘রবীন্দ্রনাথ-২’ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

( রবীন্দ্রনাথ-১ )

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ‘রাজা’ নাটকের দ্বিতীয় দৃশ্যের শিরোনাম কী ?

(খ) রাজার ধ্বজায় কোন্ ফুল আঁকা ছিল ?

(গ) অনাথপিণ্ড কে ?

(ঘ) কোন্ নদীর তীরে ঋষি গৌতমের আশ্রম ছিল ?

(ঙ) ‘পূজারিণী’ কবিতায় উল্লিখিত দাসীর নাম কী ?

(চ) “তোরা যে যা বলিস ভাই”

—‘রাজা’ নাটকের এই গানে বক্তা কী চেয়েছেন ?

- (ছ) “বুদ্ধিমানদের কিছুতেই সন্দেহ ঘোচেনা, তাই নির্বোধ নিয়েই আমাদের কারবার!” বক্তা কে?
- (জ) ‘অভিসার’ কবিতায় সন্ন্যাসীর নাম কী?
- (ঝ) ‘দেবতার গ্রাস’ কবিতায় মৈত্রমহাশয় তীর্থস্থানের জন্য কোথায় যাত্রা করবেন?
- (ঞ) “আজকের দিনের অভিসারে সেই ধূলোই যে আমার অঙ্গরাগ।” বক্তা কে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “মাতঃ, কী গোত্র আমার?”  
কে, কাকে এই প্রশ্ন করেছিল?
- (খ) “অজাতশত্রু রাজা হল যবে,  
পিতার আসনে আসি।”  
কোন কবিতার অন্তর্গত? অজাতশত্রুর পিতা কে?
- (গ) ‘রাজা’ নাটকের তৃতীয় দৃশ্যে কাঞ্চীরাজ ছাড়া আর যে দুজন রাজা উপস্থিত ছিলেন তাঁদের নাম লেখো।
- (ঘ) “তুমি সুন্দর নও, প্রভু, সুন্দর নও, তুমি অনুপম।” ‘রাজা’ নাটকের শেষ দৃশ্যে এই সংলাপ কে বলেছে? এই দৃশ্যটির শিরোনাম কী?
- (ঙ) ‘গানভঙ্গ’ কবিতায় নবীন ও প্রবীণ গায়ক দুজনের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) “বেঁচেছি, বেঁচেছি সুরঙ্গমা! হার মেনে তবে বেঁচেছি।”  
সুদর্শনা কিভাবে কার কাছে হার মানলেন তা বুঝিয়ে লেখো।
- (খ) কাঞ্চীরাজ অথবা সুরঙ্গমা চরিত্রটির পরিচয় দাও।
- (গ) ‘রাজা’ নাটকের চতুর্থ দৃশ্যে (প্রাসাদশিখর) সুদর্শনা ও রোহিণীর কথোপকথনটির বিবরণ দাও।
- (ঘ) “সর্ব ধর্মমাঝে ত্যাগধর্ম সার  
ভুবনে।”  
‘শ্রেষ্ঠভিক্ষা’ কবিতা অবলম্বনে পংক্তিটির নিহিতার্থ লেখো।
- (ঙ) ‘ব্রাহ্মণ’ কবিতায় গৌতম মুনির সঙ্গে সত্যকামের যে বার্তালাপ হয়েছিলো তার বিবরণ দাও।
- (চ) “কে এসেছ তুমি ওগো দয়াময়।” ‘দয়াময়’ কে? প্রসঙ্গটি উল্লেখ করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) :

১০×২=২০

- (ক) ‘পূজারিণী’ কবিতার মর্মার্থ লেখো।
- (খ) ‘গানভঙ্গ’ কবিতার বিষয়বস্তু আলোচনা করে এর তাৎপর্য নির্ণয় করো।
- (গ) পাঠ্য যে কোনো একটি কবিতা সংক্ষেপে আলোচনা করে রবীন্দ্রনাথের সুগভীর মানবপ্রীতির পরিচয় দাও।
- (ঘ) ‘দেবতার গ্রাস’ কবিতা অবলম্বনে মৈত্রমহাশয় সম্পর্কে আলোচনা করো।

( 4 )

৫। নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'রাজা' নাটকটি বিশ্লেষণ করে রবীন্দ্রনাথের নাট্যপ্রতিভার পরিচয় দাও।
- (খ) 'রাজা' নাটকের ঠাকুরদা চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) সুদর্শনা চরিত্রের মাধ্যমে রবীন্দ্রনাথের যে ভাবনা ব্যক্ত হয়েছে, তা বিশ্লেষণ করে দেখাও।
- (ঘ) 'রাজা' নাটকে অপ্রধান চরিত্রগুলোর ভূমিকা স্পষ্ট করো।

( রবীন্দ্রনাথ-২ )

৬। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো :

১×১০=১০

- (ক) দক্ষিণাচরণবাবু স্ত্রীকে নিয়ে বায়ু পরিবর্তনের জন্য কোথায় গিয়েছিলেন?
- (খ) "কিরণ এঁই ছেলোটিকে বড়ো বেশি আদর দিতেন, তাহাতে সন্দেহ নাই।" ছেলোটির নাম কী?
- (গ) 'প্রতিহিংসা' গল্পে ইন্দ্ৰাণী বাবুদের বাড়িতে কী উপলক্ষে গিয়েছিল?
- (ঘ) মতিলালবাবুর কন্যার নাম কী?
- (ঙ) নবেন্দ্রশেখরের সঙ্গে লাবণ্যলেখার সম্পর্ক কী?

( 5 )

(চ) কেটি মিটার কে?

(ছ) অমিতের নেশাই হল \_\_\_\_\_।

(জ) অমিত রায়ের পেশা কী?

(ঝ) "হে মোর বন্যা, তুমি অনন্যা।" কার সম্বন্ধে একথা বলা হয়েছে?

(ঞ) অমিতের দুই বোনের মধ্যে একজনের নাম লেখো।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) 'নিশীথে' গল্পে ডাক্তারবাবুর কন্যার নাম কী? দক্ষিণাচরণের সঙ্গে তাঁর বিয়ে হয়েছিল কী?
- (খ) "তফাত যাও, তফাত যাও! সব বুট হায়, সব বুট হায়।" বক্তা কে? কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে?
- (গ) 'প্রতিহিংসা' গল্পের দুটি মুখ্য পুরুষ চরিত্রের নাম লেখো।
- (ঘ) "বিয়ে করে দুঃখ দিতে চাই নে। বিয়ে সকলের জন্য নয়।" বক্তা কে? তিনি কাকে এ কথাটি বলেছেন?
- (ঙ) অবনীশ দত্ত কে? তাঁর পেশা কী?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) 'অতিথি' গল্পের তারাপদ চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) তারাপদ এবং নীলকান্তের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।

- (গ) ‘ক্ষুধিত পাষণ’ গল্পের অতিপ্রাকৃত পরিবেশের বর্ণনা দাও ।
- (ঘ) লাভগ্যার সঙ্গে অমিতের প্রথম সাক্ষাতের দৃশ্যটি বর্ণনা করো ।
- (ঙ) “অধিকাংশ বর্বর বিয়েটাকেই মনে করে মিলন, সেইজন্যে তারপর থেকে মিলনটাকে এত অবহেলা ।” ‘মিলনতত্ত্ব’ সম্বন্ধে অমিতের এই মতের তাৎপর্য ব্যাখ্যা করো ।
- (চ) ‘শেষের কবিতা’ উপন্যাসে শোভনলালের ভূমিকা বিশ্লেষণ করো ।

8। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) ‘অতিথি’ গল্পের নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো ।
- (খ) ‘আপদ’ গল্পে কিরণময়ীর সংসারে আশ্রয় পাবার পর নীলকান্তের মানসিক অবস্থার বর্ণনা করো । গল্পের শেষে নীলকান্তের পরিণতি কী ঘটেছিল লেখো ।
- (গ) অতিপ্রাকৃত রসের গল্প হিসাবে ‘নিশীথে’ গল্পটির মূল্যায়ন করো ।
- (ঘ) ‘প্রতিহিংসা’ গল্পের প্রধান দুই নারী চরিত্রের তুলনামূলক বিশ্লেষণ করো ।
- (ঙ) ‘শেষের কবিতা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো ।

- (চ) “কেতকীর সঙ্গে আমার সম্বন্ধ ভালোবাসারই ; কিন্তু সে যেন ঘড়ায়-তোলা জল, প্রতিদিন তুলব, প্রতিদিন ব্যবহার করব । আর লাভগ্যার সঙ্গে আমার যে ভালোবাসা সে রইল দিঘি..... ।” উক্তিটি অবলম্বনে অমিতের দৃষ্টিভঙ্গীর পরিচয় দাও ।
- (ছ) ‘শেষের কবিতা’ উপন্যাসের কেটি মিত্র অথবা যোগমায়া চরিত্রটি আলোচনা করো ।
- (জ) ‘শেষের কবিতা’ উপন্যাস অবলম্বনে রবীন্দ্রনাথের অসামান্য ঔপন্যাসিক প্রতিভার পরিচয় তুলে ধরো ।

★ ★ ★